

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলের পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত গত ০৩ জুন ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। এরই ধারাবাহিকতায় ৬ (ছয়) টি মেট্রোরেল সমন্বয়ে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকায় মোট ১২৮.৭৪১ কিলোমিটার (উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৪টি স্টেশন (উড়াল ৫১টি এবং ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে :

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ এগিয়ে চলছে। ২০২৬ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design-এর কাজ চলমান আছে। ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route-এর Engineering Service-এর পরামর্শক প্রতিষ্ঠান গত ১২ আগস্ট ২০২০ তারিখ কাজ শুরু করেছে। ২০৩০ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে Feasibility Study করার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে। ২০৩০ সালের মধ্যে MRT Line-4 নির্মাণের লক্ষ্যে Feasibility Study করার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

MRT Line -2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে ৬ ডিসেম্বর ২০১৭ তারিখ প্রথম প্লাটফরম সভা, ৭ জুন ২০১৮ তারিখ দ্বিতীয় প্লাটফরম সভা এবং ২১ মার্চ ২০১৯ তারিখ তৃতীয় প্লাটফরম সভা অনুষ্ঠিত হয়েছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 বাস্তবায়নে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গত ৮ নভেম্বর ২০১৮ তারিখ নীতিগত অনুমোদন প্রদান করেছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 বাস্তবায়নের নিমিত্ত Basic Study এর প্রতিবেদন ইতোমধ্যে পাওয়া গেছে। Feasibility Study করার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে।